সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

২০শে মাঘ বুধবার ১৩২৭ সাল।

## রাজ পিতৃব্যের আগমন।

—:—

গত শুক্রবার সম্রাটের খুল্লতাত ডিউক অব কনট কলিকাতায় শুভাগমন করিয়াছেন। তাঁহার শুভাগমনে (?) কলিকাতা মহানগরীতে যে প্রকার ধূম হওয়ার আশা করা গিয়াছিল তাহার অনেক কম হইয়াছে। হরতাল জন্য দোকান পাট বন্ধ হইয়াছিল বলিয়া সাধারণের মধ্যে উৎসব আনন্দ পরিলক্ষিত হয় নাই।

—

## নন-কো-অপারেশনের ফল।

—:০:—

মহাত্মা গান্ধীজীর এই আন্দোলনের ফল ফলিতে আরম্ভ করিয়াছে। বেহারের ঝাড়ুদারগণ প্রতিজ্ঞা করিয়াছে যে তাহারা মদ খাইবে না, মিথ্যা বলিবে না, পরস্পরের মধ্যে গালিগালাজ করিবে না, স্বদেশী বস্ত্র ব্যবহার করিবে। মামলা মোকদ্দমা নিজেদের মধ্যে মিটাইয়া লইবে। এই নিয়মের বহির্ভূত কার্য্য করিলে নিয়ম লঙ্ঘনকারীকে পূর্ণ পাঁচ বৎসর কাল জাতিচ্যুত হইয়া থাকিতে হইবে, পাঁচ টাকা জরিমানা দিতে হইবে, ঝাড়ুদারনীর হাতে পাঁচ ঝাড়ু খাইতে হইবে। অস্পৃশ্য ঝাড়ুদারগণ মদ ছাড়িল, আরও কত কি করিল। আমাদের মাথার মণি পূর্ণাভিষিক্ত, অর্দ্ধাভিষিক্ত, অনভিষিক্ত ব্রাহ্মণ ঠাকুর সকল একবার ঝাড়ুদারের ব্যবহার দেখুন।

—

## দরজীর প্রতিজ্ঞা।

—:—

অনেক দরজী খলিপাগণ প্রতিজ্ঞা করিয়াছে যে তাহারা বিদেশী কাপড়ে পোষাক তৈয়ারী করিতে দেশী কাপড়ের সেলাইএর ডবল মজুরি আদায় করিবে।

—

## লালগোলা জঙ্গিপুর রাস্তা।

—:—

লালগোলা হইতে জঙ্গিপুর যাতায়ত করিবার জন্য জেলা বোর্ডের একটী রাস্তা আছে। সম্প্রতি পদ্মার ধারে উক্ত রাস্তা নদীর ভাঙ্গনে ভগ্নপ্রায় হইয়াছে। যাঁহারা পদব্রজে গমনাগমন করেন তাঁহারা কোন রকমে রাস্তা দিয়া যাইতে পারেন বটে কিন্তু গো-শকটযাত্রীগণের উক্ত স্থানে আসিবামাত্র সজ্ঞানে পদ্মালাভের আশঙ্কা হইয়া থাকে। রাস্তাটীতে প্রত্যহ বহুলোক চলাচল করে। ডিষ্ট্রীক্ট-বোর্ড এই রাস্তাটীর প্রতি সম্পূর্ণ উদাসীন। আমরা আমাদের সুযোগ্য জেলাবোর্ড চেয়ারম্যানের এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করি।

—

## সিউড়ি মেলায় সার সুরেন্দ্রনাথ।

—:০:—

আগামী সিউড়ি মেলার উদ্বোধন করিবেন বর্দ্ধমানের মহারাজাধিরাজ বাহাদুর ও ইহা উজ্জাপন করিবেন সার সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়। নবাব নবাবআলি চৌধুরী মহাশয়ও শুনিতেছি মেলায় উপস্থিত হইবেন। নব বিধানের বিরাটপুরুষগণের গরীব বীরভূমের উপর হঠাৎ এরূপ দৃষ্টি পড়িল কেন? মহারাজাধিরাজ ও নবাব বাহাদুরের সম্বন্ধে বিশেষ কিছু বলিবার নাই। তবে সুরেন্দ্রনাথ (এক্ষণে "সার") বন্দোপাধ্যায় মহাশয়ের এই শুভাগমনে কিছু বিশেষত্ব আছে। কয়েক বৎসর পূর্ব্বে 'স্বদেশীর' সময় বন্দোপাধ্যায় মহাশয় সিউড়ি আসিয়া অনেক বক্তৃতাদি করিয়াছিলেন ও তৎকালে এই মর্ম্মে জানাইয়াছিলেন যে সিউড়ির এরূপ মেলা একটা 'তামাসা' মাত্র, ইহাতে দেশের বিশেষ উপকার কিছু হয় না। সেই সুরেন্দ্রনাথ (এক্ষণে সার) সেই মেলার অধিনায়কত্ব করিতে আসিলে বীরভূমবাসী তাঁহকে কিরূপে অভ্যর্থনা করিবে তাহা বিবেচনার বিষয়। ইতিমধ্যেই, তিনি মেলায় থাকিলে তাঁহার কর্ত্তৃত্বাধীন সমস্ত অনুষ্ঠানাদি বর্জ্জন করিবার কথা হইতেছে।

(বীরভূম বাণী।)

—

## মহিলাদের সভা।

—:—

গত ১২ই মাঘ মঙ্গলবার তিনটার সময় শ্রীযুত চিত্তরঞ্জন দাসের রসারোডের বাড়ীতে এই সভা বসিয়াছিল। মহাত্মা গান্ধী মহিলাদিগের সম্ভাষণ করেন। খবরের কাগজের প্রতিনিধিরা সভার কার্য্য-বিবরণী সংগ্রহ করিবার জন্য গিয়াছিলেন। কিন্তু শ্রীযুত চিত্তরঞ্জন দাস তাঁহাদিগকে বলেন—এই সভা সাধারণের জন্য নহে!

অলঙ্কার দান।

মহাত্মা গান্ধী তাঁহার বক্তৃতার পরে স্বরাজ-ভাণ্ডারের জন্য মহিলাদের নিকট ভিক্ষা প্রার্থনা করেন। শ্রীযুত অমিয় চৌধুরীর পত্নী তাঁহার গলার হার এবং শ্রীমতী প্রসন্নময়ী দেবী ও শ্রীমতী প্রিয়ম্বদা দেবী তাঁহাদের গাত্রস্থ সমস্ত গহনা মহাত্মা গান্ধীর হাতে অর্পণ করিয়াছেন। এই সকল গহনার মূল্য প্রায় ৪০০০৲ টাকা। ইহা ছাড়া নগদ ৫০০ টাকাও গৃহীত হইয়াছে।

—

# প্রাপ্ত।

## সংবাদ।

—:—

গত ১৭ই মাঘ জঙ্গিপুর মহকুমার এলাকাধীন বহুতালী গ্রামে একটী মহতী সভার অধিবেশন হইয়াছিল। সভাপতি ছিলেন শ্রীযুক্ত আজমত আলী মিঞা। সভার উদ্দেশ্য খিলাফৎ কমিটীকে সাহায্য করা ও সহযোগীতা বর্জ্জন। সভাপতি সাহেব ও কলিকাতা হইতে আগত খিলাফৎ কমিটীর জনৈক বক্তা উক্ত বিষয় দুইটী আগত জনমণ্ডলীকে বিশদরূপে বুঝাইয়া দেন। সভাস্থ জনমণ্ডলীও তাঁহাদের বক্তৃতা শুনিয়া খেলাফৎ কমিটীর সাহায্য ও সহযোগীতা বর্জ্জন করিতে প্রতিজ্ঞা বদ্ধ হন। ফলে সঙ্গে সঙ্গেই সেখানে একটী মোকদ্দমা আপোষে নিষ্পত্তি হয় আর ভবিষ্যতে তাঁহারা ভায়ে ভায়ে মোকদ্দমা করিবেন না বলিয়া স্বীকৃত হইয়াছেন। শেষে সভাপতি ও বক্তাকে ধন্যবাদ দিয়া সভা ভঙ্গ হয়।

নিবেদক

শ্রীমোহম্মদ আবু হোসেন

কাহুঞা।

—


# নীলামের ইস্তাহার।

চৌকী জঙ্গিপুরের দ্বিতীয় মুন্সেফী আদালত।

নিলামের দিন ১৮ই ফেব্রুয়ারী ১৯২১।

—০—

৮৩২ থাং ডিঃ হীরালাল সিংহ দেঃ গগনচন্দ্র দাস দাবি দেওয়া নাই পং রাধাবল্লভপুর মৌঃ পরানপারা ৩/০ কাত ৩৬১৲ আঃ মূঃ ২০০৲

নিম্নলিখিত নম্বর গুলির ডিক্রীদার রাজা রাও যোগেন্দ্রনারায়ণ রায় বাহাদুর সি, আই, ই

৭৮৭ থাং দেঃ কাবাতুল্যা সেখ দাবি ১২৲ পং ইসলামপুর মৌঃ জনার্দ্দনপুর ॥১৲১৫ কাত ১।/১০ আঃ মূঃ ৫৲

৬৪৩ থাং দেঃ বড়ন মণ্ডল দাবি ৮৬০ পং ঐ মৌঃ দুর্ল্লভপুর ২১।৪।০ কাত ১৬।১৯ আঃ মূঃ ৩০৲

৬৪৭ থাং দেঃ তারকনাথ রায় দাবি ২৬৷০ পং আলিনগর ইসলামপুর পং কোদালকাটী ১৪/৪।০ কাত ১১।৬ আঃ মূঃ ২৫৲

৬৪৮ থাং দেঃ সোলেমান বিশ্বাস দাবি ১৩২॥০ পং ঐ মৌঃ গাতি জগন্নাথপুর ৬/০ কাত ২১৲ আঃ মূঃ ৬০৲

৬৫৪ থাং দেঃ অহেছুল্যা মণ্ডল দাবি ৪৯॥০ পং ঐ মৌঃ বিল বোবাকোপড়া ৮৩ কাত ৬॥১৬ আঃ মূঃ ২০৲

৬৫০ থাং দেঃ সোলেমান বিশ্বাস দাবি ১৪২৲ পং ঐ মৌঃ মহিনাঙ্গলা ৮/৪।০ কাত ২৮॥৶/১৮ আঃ মূঃ ১০০৲

৬৬০ থাং দেঃ মসরুল্যা সেখ দাবি ১৭॥০ পং ঐ মৌঃ কোদালকাটি ১/০ কাত ২৲ আঃ মূঃ ১৭৲

নিম্নলিখিত নম্বরগুলির ডিক্রীদার মেদিনীপুর জমিদারী কোং লিঃ

৯১৫ থাং দেঃ পরমানন্দ মণ্ডল দাবি ১৩৮/৬ পং গয়সাবাদ মৌঃ সারপাথিয়া ॥৪ কাত ১/০ আঃ মূঃ ৫৲

৯১৬ থাং দেঃ রূপলাল মণ্ডল দাবি ২৭৶০ পরগনাদি ঐ ৫॥২ কাত ৪৶৪ আঃ মূঃ ১০৲

৯১৭ থাং দেঃ সর্ব্বেশ্বর মণ্ডল দিং দাবি ৫১৮৶৯ পরগনাদি ঐ ৯॥০॥০ কাত ৭॥৶০ আঃ মূঃ ২০৲

৯২২ থাং দেঃ বিন্দুবাসিনী বর্ম্মণ্যা দাবি ৬৷৶৯ পং রুকুনপুর মৌঃ নিজ রুরা ১/৩॥০ কাত ৮৶৬ আঃ মূঃ ২৲

৯২৬ থাং দেঃ আইমুদ্দি মণ্ডল দাবি ৪২॥৯ পং ঐ মৌঃ পুস্তমপুর ৮।০।০ কাত ৭॥/০ আঃ মূঃ ২০৲

৯৩০ থাং দেঃ আহাম্মদ সেখ দাবি ২৬॥৶৩ পং ঐ মৌঃ মারুয়াবাদী ২॥১॥০ কাত ৩৮/৬ আঃ মূঃ ১০৲

৯৩১ থাং দেঃ লায়কা বিবি দিং দাবি ১৯৶৯ পং ঐ মৌ ঝাউডাঙ্গা।৩ কাত ১৷৶১১ আঃ মূঃ ৪৲

৯৩২ থাং দেঃ সাইফুলী বিবি দিং দাবি ১৪/৯ পরগনাদি ঐ।৩ কাত ১॥/৪ আঃ মূঃ ৬৲

৯৩৩ থাং দেঃ মাহাম্মু ভকত দাবি ৩৪॥৶০ পং ঐ মৌঃ

## আতঙ্কনিগ্রহ ঔষধালয়ের আয়ুর্ব্বেদীয় অমূল্য উপদেশ

সর্ব্বমন্যৎ পরিত্যজ্য শরীরমনুপালয়েৎ ;
তদভাবেহি ভাবানাং সর্ব্বাভাবঃ শরীরিনাম্ ॥ ১ ;
চরক সংহিতা

অর্থ—অন্য সকল পরিত্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য
শরীরের অভাবে জীবদিগের সকলেরই অভাব হয়।

স্বাস্থ্য সম্বন্ধীয় পুস্তক। ১৫০ পৃষ্ঠায় সম্পূর্ণ।

আবেদন করুন।
কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী।
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

১—দীর্ঘায়ু
২—স্বাস্থ্য
৩—শক্তি

এই তিনটী জিনিস
লাভ করিবার প্রকৃত উপায়—

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পারপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে।

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজার ষ্ট্রীট, কলিকাতা



# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে। আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-কনের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধ শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸০ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸০ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৴০ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১৷৴০ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১৷৹ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৶০ এক টাকা তিন আনা।

## জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

## মিল্‌ক অব্ রোজ

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি ৷৹ আট আনা, মাশুলাদি ৷৵০ সাত আনা।

যাবতীয় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।
রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯।২ নং লোয়ার চিৎপুর রোড. টেরিটিবাজার, কলিকাতা।



# ইলেক্ট্রিক স্যালাইন




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা সর্দ্দি, কাসি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের এক শিশি ঔষধের মূল্য মায় মাশুল ১৸০ আনা।

সোল এজেণ্ট—ডিঃ ডিঃ হাজরা।
ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।



## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি বস্ত্র, মটকা, দেশী বিলাতী কাপড় খাগড়ার বাসন অতি অল্প মুনফায় বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীনন্দন দে শ্রীবিভূতিভূষণ দে।
রঘুনাথগঞ্জ চাউল পটীজঙ্গিপুর, (মুর্শিদাবাদ)



ডাঃ এন, এল, পালের
## সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৷৶০ দশ আনা

ডাঃ নন্দলাল পাল
রঘুনাথগঞ্জ